**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
# BengaliText Bulletin

**Date 24-11-2025 Time: 1.30 A.M.**

বিশেষ বিশেষ খবর:–

১। বিচারপতি সূর্যকান্ত সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি পদে আজ শপদ নিয়েছেন।

২) দেশে বিপদে পড়া মহিলাদের দ্রুত সহায়তা দেওয়ার জন্য জাতীয় মহিলা কমিশন আজ নতুন একটি হেল্প লাইন নম্বর চালু করেছে।

৩) ভারতীয় নৌ বাহিনীতে আজ মাহে অ্যান্টি সাবমেরিন ওয়ারফেয়ার স্যালো ওয়াটার ক্র্যোফটের প্রথম জাহাজকে যুক্ত করা হয়েছে।

৪) নবম শিখগুরু তেগবাহাদুরের সাড়ে ৩-শো তম প্রয়াণ বার্ষিকী আজ দেশজুড়ে যথোচিত মর্যাদায় পালিত হচ্ছে।

৫) লেবালনে ইজরায়েলি বিমান হামলায় হিজবুল্লার এক শীর্ষ কমান্ডারের মৃত্যু হয়েছে।

৬) ডেভিসকাপ টেনিসে ইতালি স্পেনকে হারিয়ে তৃতীয়বারের জন্য শিরোপা পেয়েছে।।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি পদে শপথ আজ শপথ নিয়েছেন বিচারপতি সূর্য কান্ত। বিদায়ী প্রধান বিচারপতি বি আর গাভাই অবসর নেওয়ার পর ৫৩-তম প্রধান বিচারপতি পদে তিনি শপথ নিয়েছেন।

রাষ্ট্রপতি ভবনে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে সূর্য কান্তকে প্রধান বিচারপতি পদে শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এর আগে বিদায়ী প্রধান বিচারপতি গাভাইয়ের প্রস্তাব অনুসারে রাষ্ট্রপতিই বিচারপতি সূর্য কান্তকে পরবর্তী প্রধান বিচারপতি হিসাবে নিয়োগ করেছিলেন।

বিচারপতি সূর্য কান্ত শীর্ষ আদালতের প্রধান বিচারপতির পদে থাকবেন ২০২৭ সালের ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। তাঁর অবসরের পরে দেশের প্রধান বিচারপতি হওয়ার কথা রয়েছে বিচারপতি বিক্রম নাথের। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রমুখ।

উল্লেখ্য, ১৯৬২ সালে হরিয়ানার এক মধ্যবিত্ত পরিবারে জন্ম বিচারপতি সূর্য কান্তের। ১৯৮৪ সালে আইনজীবী হিসাবে শুরু হয় তাঁর কর্মজীবন। চণ্ডীগড়ে পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্টে আইনজীবীর কাজ শুরু করেন। ২০০০ সালে হরিয়ানার কনিষ্ঠতম অ্যাডভোকেট জেনারেল পদে তাঁকে নিযুক্তি দেওয়া হয়। ২০০৪ সালে পাঞ্জাব ও হরিয়ানা হাইকোর্টের বিচারপতি হিসাবে তাঁকে নিযুক্ত করা হয়। হিমাচল প্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতির পদ সামলেছেন ২০১৮ সালের অক্টোবর থেকে ২০১৯ সালের মে মাস পর্যন্ত। ওই বছরের ২৪ মে বিচারপতি কান্ত চলে আসেন সুপ্রিম কোর্টে। ২০২৪ সালের নভেম্বর থেকে দেশের শীর্ষ আদালতের লিগ্যাল সার্ভিসেস কমিটির চেয়ারম্যান পদে রয়েছেন তিনি। এবার দেশের প্রধান বিচারপতি হলেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় মহিলা কমিশন-NCW আজ দেশে বিপদে পড়া মহিলাদের দ্রুত সহায়তা দেওয়ার জন্য নতুন একটি হেল্পলাইন নম্বর চালু করেছে। 1 4 4 9 0 এই নম্বরে দেশের

যেকোন জায়গায় বিপদে পড়া মহিলারা ২৪ ঘণ্টা সহায়তা পেতে পারে বলে কমিশনের পক্ষ থেকে আজ এক বিবৃতিতে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় নৌবাহিনীতে আজ মাহে অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্রাফটের প্রথম জাহাজ আইএনএস মাহে যুক্ত হয়েছে। সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী প্রধান অতিথি সভাপতিত্বে দেশীয় প্রযুক্তিতে নির্মিত নতুন প্রজন্মের এই যুদ্ধ জাহাজ একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হচ্ছে। এটি আত্মনির্ভর ভারত অভিযানের একটি ক্রমবর্ধমান ক্ষমতার প্রমাণ হিসেবেই দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

নবম শিখ গুরু, গুরু তেগ বাহাদূরের ৩৫০ তম শহীদ দিবস আজ দেশ জুড়ে চিরাচরিত মর্যাদায় পালিত হচ্ছে। ১৬৭৫ সালে মোঘল সম্রাট ঔরঙ্গজেবের আদেশে তাঁকে মৃত্যুদন্ড দেওয়া হয়েছিল। গুরু তেগ বাহাদূর সারা দেশ ভ্রমণ করে গুরু নানক দেবের শিক্ষা প্রচার করেছিলেন। ১১৬ টি শবদ এবং ১৫ টি রাগ রচনা করেন তিনি। তাঁর শিক্ষা আদি গ্রন্থের অন্তর্ভুক্ত।

০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ শহীদ দিবস উপলক্ষে শিখ গুরু তেগ বাহাদুরকে শ্রদ্ধা জানিয়েছেন। তিনি বলেন, ন্যায়, মানবতা ও সত্য রক্ষার জন্য গুরু তেগ বাহাদুর আত্মত্যাগ করেছিলেন। তাঁর শিক্ষা মানুষকে ন্যায়ের পথে চলতে এবং দেশে ঐক্য ও সম্প্রীতি গড়ে তুলতে অনুপ্রাণিত করে।

গুরু তেগ বাহাদুর, যিনি "হিন্দ দি চাদর" নামে পরিচিত, ১৬৭৫ সালে ধর্মবিশ্বাসের স্বাধীনতা রক্ষার জন্য জীবন উৎসর্গ করেছিলেন। তাঁর আত্মত্যাগ ভারতের ইতিহাসে বহুত্ববাদ ও নাগরিক স্বাধীনতার প্রতীক হিসেবে স্মরণীয়।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লাচিত দিবসে অসমের বীরপুত্র লাচিত বরফুকনের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজমাধ্যমের এক পোস্টে তিনি বলেছেন, সমগ্র জাতি আজ লাচিত বরফুকনকে সাহসিকতা, দেশপ্রেম এবং প্রকৃত নেতা হিসাবে স্মরণ করছে। তাঁর বীরত্ব পরবর্তী প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

oooooooooooooooooooo

সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেণ রিজেজু আজ ভুটানের উদ্দেশে রওনা হয়েছেন। জনসাধারণের সামনে প্রদর্শনের জন্য আনা ভগবান বুদ্ধের পবিত্র স্মারক ফিরিয়ে দিতে যে প্রতিনিধি দল যাচ্ছে, তার নেতৃত্বে রয়েছেন তিনি। ভারতের থেকে যাওয়া এই স্মরাক তাশিছোদজঙ-এর গ্র্যান্ড কুয়েন্রে হলে রাখা হবে। ভুটানে আয়োজিত আন্তর্জাতিক শান্তি প্রার্থনা উৎসবে ভারতের পক্ষ থেকে এই বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। দুদেশের মধ্যে গভীর সভ্যতাগত এবং আধ্যাত্মিক যোগ রয়েছে। ভুটানে পবিত্র স্মারকের এই প্রদর্শন শান্তির পক্ষে এক শক্তিশালী চিহ্ন, আধ্যাত্মিক ঐতিহ্যের উৎসব এবং দুদেশের মধ্যে বিশেষ সম্পর্কই প্রতিভাত করে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি মন্দির ধ্বজ উত্তোলন অনুষ্ঠানে যোগ দেবেন। দেশের সামাজিক-সাংস্কৃতিক ও আধ্যাত্মিক পরিমণ্ডলে এটি একটি স্মরণীয় ঘটনা। প্রধানমন্ত্রী আগামীকাল সপ্তমন্দির পরিদর্শন করবেন। এর মধ্যে রয়েছে মহর্ষি বশিষ্ঠ, বিশ্বামিত্র, অগস্ত্য, বাল্মীকি, দেবী অহল্যা, নিষাদরাজ গুহ এবং মাতা শবরীর মন্দির। এরপর তিনি শেষাবতার মন্দির  ও মাতা অন্নপূর্ণা মন্দির পরিদর্শন করবেন। এরপর তিনি রাম দরবার গর্ভগ্রহে দর্শন ও পূজা করবেন, যার পরে রাম লালা গর্ভগ্রহে দর্শন করবেন।

শ্রী মোদী অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি মন্দিরের শীর্ষে আনুষ্ঠানিকভাবে গেরুয়া পতাকা উত্তোলন করবেন। এই ধ্বজা উত্তোলন হল মন্দির নির্মাণের সমাপ্তির প্রতীক। প্রধানমন্ত্রী এই ঐতিহাসিক উপলক্ষে জনসভায় ভাষণও দেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০

লেবাননের রাজধানী বৈরুতের দক্ষিণ উপকণ্ঠে ইস্রায়েলের বিমান হামলায় হিজবুল্লাহর শীর্ষ কমান্ডার হাইথাম আলী আল-তাবতাবাই নিহত হয়েছে।
ইসরাইলের প্রতিরক্ষা বিভাগের এক আধিকারিক জানিয়েছেন ঘন বসতিপূর্ণ দাহিহ জেলার একটি বাস ভবনে এই হামলায় কমপক্ষে পাঁচজন নিহত এবং আরও ২৮ জন আহত হয়েছে। হামলার পর এক বিবৃতিতে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু বলেছেন যে তার দেশ হিজবুল্লাহকে তার শক্তি পুনর্গঠন করতে দেবে না।

০০০০০০০০০০০০০০০০০০০

আফগানিস্তানে তালিবানের উপ-মুখপাত্র হামদুল্লাহ ফিত্রাত জানিয়েছেন, একদিনে ইরান ও পাকিস্তান থেকে ১১ হাজারেরও বেশি আফগান শরণার্থীকে বলপূর্বক ফেরত পাঠানো হয়েছে। তিনি অভিবাসন বিষয়ক কমিশনের প্রতিবেদন সামাজিক মাধ্যমে ভাগ করে নিয়েছেন।

প্রতিবেদন অনুযায়ী , শনিবার ২ হাজার ১০২-টি পরিবার, মোট ১১ হাজার ৮৫৫ জন আফগান দেশে ফিরেছেন। ফিত্রাত আরও জানান, ২ হাজার ২৮৭ জন শরণার্থীকে তাঁদের নিজ নিজ এলাকায় পৌঁছে দেওয়া হয়েছে। এছাড়া ফেরত আসা আফগানদের মধ্যে ১ হাজার ৬০টি টেলিকম সিম কার্ড বিতরণ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পাকিস্তানে পেশোয়ারে আজ ফ্রন্টিয়ার কনস্টেবুলারির সদর দপ্তরে আজ অজ্ঞাত পরিচয় বন্দুধারীরা আক্রমণ চালিয়েছে। দুটি বড় মাপের বিস্ফোরণের পর ঐ এলাকায় শুরু হয় ভারি গুলি বর্ষণ। প্রাথমিকভাবে জানা গেছে, নিরাপত্তা বাহিনীর তিন জওয়ানের

মৃত্যু হয়েছে। উচ্চ সতর্কতা জারি থাকা ঐ স্থানটি সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে। পাকিস্তানে আইনশৃঙ্খলার দায়িত্ব রয়েছে অন্তর্বর্তী মন্ত্রকের এই আধা সামরিক বাহিনীর হাতে। আজ ঐ দপ্তরের প্রধান ফটকের সামনে প্রথমে এক আত্মঘাতী বিস্ফোরক ঘটে। এরপরে মোটর সাইকেল স্ট্যান্ডে হয় আইইডি বিস্ফোরণ। হামলাকারী দুজনের মৃত্যু হয়েছে। এপর্যন্ত কোনো গোষ্ঠী হামলার দায় স্বাকীর করেনি।

oooooooooooooooooooo

এবার আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের খবর –

ইনসার্ট

৫৬ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের পঞ্চম দিনে আজ ভারতীয় প্যানারোমা বিভাগে দেখানো হবে বাংলা ছবি বড়বাবু। রেশমি মিত্র পরিচালিত, নট ও নাট্যকার শিশির কুমার ভাদুড়িকে নিয়ে তৈরি এই ছবি এর আগে কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবেও নির্বাচিত হয়েছিল। পরিচালক রেশমি মিত্র আকাশবাণীকে জানিয়েছেন, ভারতের থিয়েটার শিল্পে শিশির ভাদুড়ির অবদান তুলে ধরা হয়েছে এই ছবিতে।

(বাইট)

oooooooooooooooooooo

ডেভিস কাপ টেনিসে, ইতালি, ঘরের মাটিতে টানা তৃতীয় বার ২-০ ব্যবধানে স্পেন কে হারিয়ে শিরোপা জিতেছে।

মাত্তেও বেরোত্তিনি এবং ফ্লাভিও কোবোলি অসামান্য সাফল্যে ইতালির জয় নিশ্চিত হয়। মার্কিণ যুক্তিরাষ্ট্রের পর ইতালি প্রথম দেশ যারা টানা তিনবার ডেভিস কাপে জয়ী হল।

গতকালের ফাইনালে বেরিত্তিনি, পাবলো ক্যারেনো বুস্তাকে ৬-৩/ ৬-৪ গেমে পরাজিত করেন। এরপর কোবোলি পালটা লড়াই করে জাউমে মুনারকে ১-৬, ৭-৬, ৭-৫ গেমে পরাজিত করে জয় নিশ্চিত করেন।

oooooooooooooooooo

oooooooooooooooooo